# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - তাকবীরে তাহরীমার পর যা পড়তে হয়

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَفْتَحَ الصَّلَاةَ كَبَّرَ ثُمَّ قَالَ: «إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسلمين اللَّهُمَّ اهدني لِأَحْسَنِ الْأَعْمَالِ وَأَحْسَنِ الْأَخْلَاقِ لَا يَهْدِي لِأَحْسَنِهَا إِلَّا أَنْتَ وَقِنِي سَيِّئَ الْأَعْمَالِ وَسَيِّئَ الْأَخْلَاقِ لَا يَقِي سَيِّئَهَا إِلَّا أَنْتَ» . رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

৮২০-[৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর তাহরীমা (আল্লা-হু আকবার) দ্বারা সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করতেন। তারপর পাঠ করতেন, ’’ইন্না সলা-তী ওয়ানুসুকী ওয়া মাহ্ইয়া-ইয়া ওয়ামামা-তী লিল্লা-হি রব্বিল ’আ-লামীন, লা- শারীকা লাহূ ওয়াবিযা-লিকা উমিরতু ওয়াআনা- আও্ওয়ালুল মুসলিমীন, আল্লা-হুম্মাহদিনী লিআহসানিল আ’মা-লি’’ ওয়া ’’আহসানিল আখলা-ক্বি লা- ইয়াহদী লিআহসানিহা- ইল্লা- আনতা ওয়াক্বিনী সায়য়্যিয়াল আ’মা-লি ওয়া সায়য়্যিয়াল আখলা-ক্বি লা- ইয়াক্বী সায়য়্যিয়াহা- ইল্লা- আন্তা’’-

(অর্থাৎ- আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন, আমার মৃত্যু আল্লাহ তা’আলার জন্য। তাঁর কোন শরীক নেই। আর এর জন্যই আমি আদিষ্ট হয়েছি। আমিই হলাম এর প্রতি প্রথম আনুগত্যশীল। হে আল্লাহ! তুমি আমাকে পরিচালিত কর উত্তম কাজ ও উত্তম চরিত্রের পথে। তুমি ছাড়া উত্তম পথে আর কেউ পরিচালিত করতে পারবে না। আমাকে খারাপ কাজ ও বদ চরিত্র হতে রক্ষা কর। তুমি ছাড়া এর খারাবি থেকে কেউ আমাকে বাঁচাতে পারবে না।)। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৮৯৬। এখানে নাসায়ীতে أَنَا اَوَّلُ الْمُسْلِمِينَ-এর পরিবর্তে وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ রয়েছে তবে প্রথমটিই সঠিক। দারাকুত্বনীর হাদীসের শেষাংশে রয়েছে শু’আয়ব বলেনঃ মুহাম্মাদ ইবনুল মুনকাদির সহ মদীনার অন্যান্য ফকীহগণ আমাকে বলেছেন, যদি তুমি সেটি পরিবর্তন করে وَأَنَا اَوَّلُ الْمُسْلِمِينَ বলতে চাও তাহলে

আমার মতে এ পরিবর্তনের কোন প্রয়োজনীয়তা নেই। বরং মুসল্লীদের وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ বলা আবশ্যক। হয় আয়াতের দৃষ্টিকোণ থেকে অথবা আল্লাহর আদিষ্ট বিষয় দ্রুত পালনার্থে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثُمَّ قَالَ إِنَّ صَلَاتِىْ وَنُسُكِىْ.....) ‘‘তারপর তিনি পাঠ করতেন- ইন্না স্বলাতী ওয়া নুসুকী..... শেষ পর্যন্ত।’’ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করার সময় তাকবীর তাহরীমা দেয়ার পর যে সমস্ত দু‘আ পাঠ করতেন তন্মধ্যে এটি একটি দু‘আ।

এতে জানা যায় যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বিভিন্ন সময় বিভিন্ন দু‘আ পাঠ করতেন। আর এটিই সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন